



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-২৪/১১/২০২০খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের বিভিন্ন থানা পুলিশ কর্তৃক ০৭ বোতল ফেন্সিডিল ও ০৫ পিস ইয়াবা উদ্ধারসহ মোট ০২ জন আসামী গ্রেফতার



ঘটনা-১ঃ গত ২৩-১১-২০২০ রংপুর মেট্রোপলিটন তাজহাট থানা পুলিশ কর্তৃক উক্ত থানাধীন ১৫নং ওয়ার্ডস্থ শাহীন খাবারের হোটেলের সামনে মডার্ন টু ঢাকা গাড়ী মহাসড়কের উপর থেকে ০৭ (সাত) বোতল মাদকদ্রব্য ফেন্সিডিল বিক্রয়ের উদ্দেশ্যে নিজ দখলে রাখার অপরাধে আসামী মোঃ শহিদুল ইসলাম @ শাহিন (৪৫), পিতা-মোঃ শাহ জাহান আলী, মাতা-মোছাঃ সুফিয়া বেগম, সাং-গোবর ধনেরকুটি, ইউপি-নেওয়াশী, থানা-নাগেশ্বরী, জেলা-কুড়িগ্রাম-কে গ্রেফতার করা হয়। পরবর্তীতে এ সংক্রান্তে তাজহাট থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (১) সারণি ১৪ (খ) ধারায় মামলা দায়ের করা হয়।

ঘটনা-২ঃ গত ২৩-১১-২০২০ রংপুর মেট্রোপলিটন মাহিগঞ্জ থানা পুলিশ কর্তৃক উক্ত থানাধীন ১ নং কল্যানী ইউনিয়নের নদীগঞ্জ বাজারস্থ মোঃ জালাল উদ্দিন, পিতা-মোঃ মোবারক আলী এর জালাল নামীয় সু-ষ্টোরের সামনে রংপুর হইতে কুড়িগ্রামগামী মহাসড়কের উপর থেকে ০৫ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ আসামী মোঃ তুষার আব্দুল্লাহ (২৭), পিতা- মোঃ মজমুল হক , মাতা- মোছাঃ মুক্তা পারভিন, স্থায়ী : গ্রাম- সাতপাটকি জোলাপাড়া, থানা- লালমনিরহাট সদর, লালমনিরহাট-কে গ্রেফতার করা হয়। পরবর্তীতে এ সংক্রান্তে মাহিগঞ্জ থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (১) সারণি ১০ (ক) ধারায় মামলা দায়ের করা হয়।



২৪.১১.২০২০
(উত্তম প্রসাদ পাঠক)
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার
(ডিবি এন্ড মিডিয়া)
পক্ষে/পুলিশ কমিশনার
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১